

ওয়েবসাইট: www.bb.org.bd

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

সূত্র: এসএফডি সার্কুলার লেটার নং-০৩

অক্টোবর ১৬, ২০১৮
তারিখ: -----
কার্তিক ০১, ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলায়
পদ্মা নদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত পরিবারসমূহকে সহায়তা প্রসঙ্গে।**

আপনারা নিশ্চয়ই অবহিত আছেন যে, সম্প্রতি পদ্মা নদীর ভাঙ্গনে শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলার প্রায় কয়েক হাজার বাড়িঘর নদী গর্ভে বিলীন হয়ে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ফলে উক্ত এলাকার ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী সীমাহীন দুর্দশার মাঝে দিন কাটাচ্ছে। এ অবস্থায়, কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলায় সাম্প্রতিক নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত এলাকার জনগোষ্ঠীকে সহায়তা প্রদানের জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, এ সংক্রান্ত ব্যয় জুন ১০, ২০১৫ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৬ এর মাধ্যমে জারীকৃত রিপোর্টিং ফরমের Social Projects/Community Investment খাতের দুর্যোগ ব্যবস্থাপনা উপ-খাতে প্রদর্শন করার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৩২০

ফ্যাক্স: ৯৫৩০৩২৭

ই-মেইল: manoj.biswas@bb.org.bd